গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(নেজারত শাখা)
www.tangail.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০৯.১১.০০১.২৪ - ৬৬৫

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ১১ জুন ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০০৯.১৫.৪২ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয় ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইলের ১৪ (চৌদ্দ) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে https://dctangail.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণযোগ্য নয়।

| জেলা প্রশাসকের কার্যালয় ও এর অধীন ১২ টি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | | | | |
|---|---|---|---|---|
| ক্র. নং | পদের নাম | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | যোগ্যতা |
| ০১ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ১৪ (চৌদ্দ) | (ক) যে কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ১৩ মে ২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. প্রার্থীর বয়স ১৫/০৭/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধনের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে।

০৩. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাই করা হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার প্রমাণপত্র, প্রতিবন্ধী হিসেবে আবেদনকারীকে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত মূল সনদ এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৬. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৭. আবেদনকারীর পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

০৮. কোনো ধরনের তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০৯. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

১০. জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর ওয়েবসাইট: www.tangail.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে।

১১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৫. কোনো তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৭. আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে https://dctangail.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা।

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/০৭/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel, সাইজ সর্বোচ্চ ১০০ KB) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel, সাইজ সর্বোচ্চ ৬০ KB) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়; বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk প্রিপেইড মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা এবং টেলিটক চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** DCTANGAIL<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: DCTANGAIL ABCDEF & send to 16222

(1) Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCTANGAIL<space>Yes<space>PIN & send to 16222

**দ্বিতীয় SMS:** DCTANGAIL<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: DCTANGAIL YES 12345678 & send to 16222

(২) Reply: Congratulations (Applicant's Name), your payment has been completed successfully for DCTANGAIL Application for post (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dctangail.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে; বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS পড়ে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(১) User ID জানা থাকলে: DCTANGAIL<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: DCTANGAIL Help User ABCDEF & send to 16222

(২) PIN Number জানা থাকলে: DCTANGAIL<space>Help<space>PIN<space>PIN Number & send to 16222

Example: DCTANGAIL Help PIN 12345678 & send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলের ওয়েবসাইট: www.tangail.gov.bd এ পাওয়া যাবে। অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.tangail.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk হতেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বর অথবা dctangail@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (ই-মেইলে এর Subject-এ Organization Name: DCTANGAIL, Post Name: XXXX, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. যারা ইতোপূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলের ২৮ জুলাই ২০২৪ তারিখের ০৫.৪১.৯৩০০.০০৯.১১.০০১.২৪ -৩২৪ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে 'অফিস সহায়ক' পদে আবেদন করেছেন, তাদের আবেদনসমূহ বিবেচনাধীন রয়েছে; বিধায় পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

****[অনলাইন সংক্রান্ত জটিলতা এড়াতে শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে]****


শরীফা হক
জেলা প্রশাসক
টাঙ্গাইল
০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০৯.১১.০০১.২৪ - ৬৬৫

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

অনুলিপি:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক,..............................(সকল)।
০৬. পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৭. উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
০৯. উপজেলা নির্বাহী অফিসার.............................. (সকল), টাঙ্গাইল।
১০. ............................................................................../অফিসার, টাঙ্গাইল।
১১. প্রশাসক,..........................................পৌরসভা (সকল), টাঙ্গাইল।
১২. সহকারী কমিশনার (ভূমি) ................................ (সকল), টাঙ্গাইল।
১৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি এ জেলার ওয়েবসাইট (www.tangail.gov.bd)-এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল।
১৫. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ব্যুরো, টাঙ্গাইল।
১৬. ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, টাঙ্গাইল।
১৭. সম্পাদক, The Daily Business Standard, দৈনিক ইনকিলাব, দৈনিক মজলুমের কণ্ঠ, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি ২৭/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে বা নিকটবর্তী তারিখে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) টি কপিসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
১৯. অফিস কপি/মাস্টার কপি।

২৩/০৬/২৬

জেলা প্রশাসক
টাঙ্গাইল